*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র


উপক্রমণিকা

শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন-১ : শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি

সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাসত্মবায়নের লক্ষ্যে ***শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি*** কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৮ সালের ........জুন........মাসের..........১৪..........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# শরীয়তপুর পবিস এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Shariatpur PBS)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:** (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) ঃ

শরীয়তপুর জেলার জাজিরা, নড়িয়া, ডামুড্যা, ভেদরগঞ্জ ও গোসাইরহাট উপজেলা এবং সদর উপজেলার (পালং পৌরসভা ব্যতীত) সমন্বয়ে ১১৮১.৫৩ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে শরীয়তপুর পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শরীয়তপুর পবিস এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) নিম্নরূপঃ

| অর্থবছর | গ্রাহক | নির্মিত লাইন | বকেয়া | সিষ্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | ৪৫৬৩৫ | ৪৩৯ | ১.০৮ | ১৫.৫০% |
| ২০১৬-১৭ | ২৯১০৪ | ৪৯৭ | ১.২১ | ১৬.৯৫% |
| ২০১৭-১৮( এপ্রিল-১৮ পর্যন্ত | ২৯৮৪৭ | ৮৩৩ | ১.২২ | ১৪.০৫% |

গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে এপ্রিল'২০১৮ খ্রিঃ পর্যন্ত ৪১১৪.৩১৮ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ১,৯৫,১১৪ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে।

মাদারীপুর গ্রীড উপকেন্দ্র হতে পবিস এর একমাত্র ৩৩ কেভি সোর্স লাইনের #৪/০ এসিআর কন্ডাক্টর ৪৭৭ এমসিএম কন্ডাক্টর দ্বারা আপগ্রেডিং করা হয়েছে ২০১৫-১৬ অর্থ বৎসরে। মাদারীপুর গ্রীড উপকেন্দ্র হতে অত্র সমিতির ডামুড্যা ২০ এমভিএ উপকেন্দ্র পর্যন্ত দ্বিতীয় ৩৩ কেভি নতুন সোর্স লাইন নির্মাণ ও গ্রীড উপকেন্দ্রে বাস এক্সটেশনসহ বে-ব্রেকার স্থাপন করে ডামুড্যা উপকেন্দ্রের ৩৩ কেভি সোর্স লাইন পৃথক ব্রেকারের মাধ্যমে চালু করা হয়েছে।

উপরোক্ত কাজগুলি সম্পন্ন করায় অত্র পবিসের লোড গ্রহণের ক্ষমতা ১৬ মেঃওঃ হতে ৫০ মেঃওঃ এ বৃদ্ধি পেয়েছে।

০৩(তিন) বৎসর পূর্বে অত্র পবিস এর সর্বমোট ৩৫ এমভিএ ক্ষমতার ০৩(তিন)টি উপকেন্দ্র ছিল। বিগত তিন বৎসরে প্রকল্পের আওতায় জাজিরা ০৫ এমভিএ উপকেন্দ্র ১০ এমভিএ তে এবং ডামুড্যা উপকেন্দ্রের ১০ এমভিএ থেকে ২০ এমভিএ উন্নীত করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতায় নড়িয়া ১০ এমভিএ ও ভেদরগঞ্জ ১০এমভিএ ক্ষমতার ০২(দুই)টি উপকেন্দ্র নির্মাণ পূর্বক চালু করা হয়েছে এবং পদ্মা বহুমুখী সেতু কর্তৃপক্ষের অনুদানকৃত ৩৩ শতাংশ জমির উপর সমিতির নিজস্ব অর্থায়নে একটি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ পূর্বক চালু করা হয়েছে। বর্তমানে ০৬টি উপকেন্দ্রের সর্বমোট ৭৫ এমভিএ ক্ষমতায় উন্নীত করা হয়েছে। অত্র সমিতিতে তিন বৎসর পূর্বে ১৪টি ১১কেভি ফিডারের মাধ্যমে বিদ্যুৎ বিতরণ করা হতো। বর্তমানে তা ৩৩টি ফিডারে উন্নীত করা হয়েছে। এতে করে বর্তমানে অত্র সমিতিতে ৩৩ কেভিএ ও ১১ কেভিএ ফিডার কোন ওভার লোডেড নেই। ফলে গত অর্থ বৎসরের তুলনায় প্রায় ২% সিস্টেম লস কমানো সম্ভব হয়েছে এবং বকেয়া মাস লক্ষ্যমাত্রা ১.১০ এর মধ্যে রাখা সম্ভব হবে। ইতিমধ্যে সদর উপজেলা শতভাগ বিদ্যুতায়ন করা সম্ভব হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদাও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের বর্তমানে পিক লোড ৪২ মেঃওঃ। মাদারীপুর গ্রীড উপকেন্দ্র হতে দুটি সোর্স লাইনেরই দৈর্ঘ্য যথাক্রমে ৫৮ ও ৬০ কিঃমি করে। এর মধ্যে পদ্মা সেতু উপকেন্দ্রসহ মোট ০৪টি উপকেন্দ্রের সোর্স ০১টি এবং ডামুড্যা ও ভেদরগঞ্জ উপকেন্দ্র দুটির একটি সোর্সের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হয়। ফলে অধিক দৈর্ঘ্যের ৩৩ কেভি সোর্স লাইনে ২ বা ততোধিক সংখ্যক উপকেন্দ্র সংযুক্ত থাকায় ফল্ট এরিয়া বৃদ্ধি পাওয়ায় এই সোর্স লাইন চালু রাখা তথা গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা দুরাহ হয়ে পড়েছে এবং ০২টি সোর্স লাইনে সমানভাবে লোড বন্টন সম্ভব হচ্ছে না।

শরীয়তপুর নির্মাণাধীন গ্রীড চালু হলে বর্ণিত সমস্যার সমাধান হবে এবং সিস্টেম লস কমে সিঙ্গেল ডিজিট হবে।

বর্ণিত সমস্যা সমাধানের জন্য পবিস নির্দেশিকা অনুযায়ী লোকবল বৃদ্ধি ও প্রয়োজনীয় সংখ্যক অফিস স্থাপন করা প্রয়োজন। যেমনঃ জাজিরা এরিয়া অফিস জোনাল অফিসে এবং নড়িয়া সাব-জোনাল অফিস কে জোনাল অফিসে ও ভেদরগঞ্জ এরিয়া অফিস ও গোসাইরহাট অভিযোগ কেন্দ্রকে সাব-জোনাল অফিসে উন্নীত করাসহ বুদ্রকর এলাকায় একটি অভিযোগ কেন্দ্র স্থাপন করা প্রয়োজন। তাছাড়াও অত্র সমিতির ৪১১৪.৩১৮ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছপালা সমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ আবহাওয়ায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য বড় চ্যালেঞ্জ।

*** ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে দেয়ার লক্ষ্যে শরীয়তপুর পবিস-এর আওতাধীন জাজিরা, নড়িয়া, ডামুড্যা, ভেদরগঞ্জ ও গোসাইরহাট উপজেলাসমূহ ডিসেম্বর/২০১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগণের বিদ্যুতের চাহিদা পূরণের লক্ষ্যে পালং ও গোসাইরহাট উপজেলায় ইউআরইডিএস প্রকল্পের আওতায় ০২টি ১০ এমভিএ উপকেন্দ্র এর নির্মাণ কাজ চলমান আছে। সেই সাথে ১.৫ মিলিয়ন প্রকল্পের আওতায় পালং ও জাজিরা উপজেলায় আরও ০২টি নতুন ১০ এমভিএ করে উপকেন্দ্র নির্মাণ করা হবে। তাছাড়া ডিডিপি-২ প্রকল্পের আওতায় জাজিরা ও ভেদরগঞ্জ উপজেলায় ০২টি ১০ এমভিএ উপকেন্দ্র এবং ডিএনইএস(ই) প্রকল্পের আওতায় নড়িয়া উপজেলায় আরো ০১টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ করা হবে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে পালং উপজেলায় পিজিসিবি কর্তৃক একটি গ্রীড উপকেন্দ্র স্থাপনের কাজ চলমান আছে যা আগামী ডিসেম্বর/২০১৮ খ্রিঃ মাসের মধ্যে চালূ করা হবে। গ্রীড উপকেন্দ্র বিদ্যুতায়নের পর উক্ত গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে অত্র সমিতির সিষ্টেম লস ১০% এর মধ্যে আনয়ন সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.১০ অর্জন করা সম্ভব হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন সকল উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০৭ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪। বকেয়া মাস ১.১০ অর্জন করা।
০৫। ০১ টি ১৫ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএতে উন্নীতকরণ এবং একটি ১০ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএ তে উন্নীত করণ।

আমি, সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৪/০৬/২০১৮ খ্রিঃ

জেনারেল ম্যানেজার
শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

Md. Shahidul Ali Biswas
General Manager
Shariatpur Palli Bidyut Samity

সভাপতি
শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

সভাপতি
সমিতি বোর্ড, শপবিস।

ফকির শরীফ উদ্দিন আহমেদ
উপ-পরিচালক

পরিচালক, পবিস ব্যাবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

## সেকশন ১:

শরীয়তপুর পবিস-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): শরীয়তপুর পবিস-এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকলক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাসত্মবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কাযক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

### শরীয়তপুর পবিস

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৬ | ১৬.৯৫% | ১৪.০৫% | ১৩.০০% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৫ | ১.২১ | ১.২২ | ১.১০ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৭.৯৭% | ৯৮.৫২% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ২৩,৫০০ | ১৫,১০০ | ৬০,০০০ | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ৪ | ১.৮১ | ১.২২ | ১.৪০ | | | | | | |
| | | | 6. Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ২৪৩.০০ | ১৯১.০০ | ২২০ | | | | | | |
| | | | 7.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৪৬.৯৫% | ৩৯.০৭% | ১০০% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৬.৫২% | ৫.২৩% | ৪.০০% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১১০.০০% | ৯২.৮৭% | ১০০% | | | | | | |
| | | | 10. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2017-18) | | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮০% | ৮০.০০% | ৯০% | | | | | | |
| | | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ৫৪% | ১০০.০০% | ১০০% | | | | | | |
| | | | 12.Improvement of Power Factor | | ১ | ০.৯২৮ | ০.৯৯৮ | ০.৯২ | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 14. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ৭৮.০৩ | ৭৫ | ৭৫ | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 16. No. of Public Hearing | | ২ | - | - | ৫০ | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ৯২৮.৭৮ | ৯৮০.৪৬৫ | ৮০০ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* এপ্রিল'১৮ পর্যন্ত | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ৭.০৫ | ২৭.৩১ | ৫০ | | | | | | |
| | | | 19.% of overloaded Transformer | % | ১ | ২.৮৬% | ০.০০% | ০.২০% | | | | | | |
| | | | 20.% of New Connected Consumers | % | ২ | ১০০% | ৫২.৪২% | ১০০% | | | | | | |
| | | | 21.Accounts Payable | Month | ১ | ১ | ১.০০ | ১.০০ | | | | | | |
| | | | 22. Inter-PBS Transaction | % | ৪ | - | - | ৯০% | | | | | | |

# বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯

## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

# সংযোজনী -১

## শব্দ সংক্ষেপ

### (Acronyms)

| | |
|---|---|
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেণ্ট বোর্ড |
| APA | Annual Performance Agreement |
| PI | Performance Indicator |
| পবিস/ পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| KVA | কিলোভোল্ট এম্পিয়ার |
| KV | কিলোভোল্ট |
| MW | মেগাওয়াট |
| MVA | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| DSL | ডেব্ট সার্ভিস লায়াবিলিটি |
| KM | কিলোমিটার |
| ERC | Equipment Record Card |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-সার্ভিস | ইলেক্ট্রনিক সার্ভিস |
| ROW | রাইট-অব-ওয়ে (পথস্বত্ত্ব পরিষ্কার) |
| DNP | Disconnection for Nonpayment |
| TMLM | Transformer Maintenance & Load Management |
| SIP | Small Improvement Project |
| E-Filing | Electronic filing |

## সংযোজনী-২ ঃ

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ।

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, কমপ্লেইন রেজিস্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিস্টার | |
| ২। | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো'র বকেয়া হ্রাসকরণ | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৩। | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৪। | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৫। | SAIDI, SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৬। | Consumer Complain | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৭। | Accounts Payable | নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি'র বিল পরিশোধকরণ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৮। | Payment of DSL | যথাসময়ে বাপবিবো'র ঋণের কিস্তি পরিশোধ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |

## সংযোজনী-৩ ঃ

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | বিপিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে,ব্রেকার সংযোজন | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবস্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক | বকেয়া আদায় | সমমাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ব্যাংক, UIC, টেলিটক | বিল কালেকশন | % | সঠিক সময়ে বিল আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে সঠিক সময়ে বিল আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি'র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |